# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 05.10.2024 Time: 7-50 P.M**

বিশেষ বিশেষ খবর -

১) আর জি কর নিয়ে চাপানউতোরের মধ্যেই দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে চতুর্থ শ্রেণীর এক পড়ুয়ার দেহ উদ্ধারকে কেন্দ্র করে আজ এলাকা রণক্ষেত্রের রূপ নেয়। শুরু হয়েছে রাজনৈতিক তর্জা।

রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ করে বিজেপি ৩৫৫ ধারা প্রয়োগের দাবি জানিয়েছে।

২) ১০ দফা দাবি পূরণে ধর্মতলার ডোরিনা ক্রসিং-এ জুনিয়ার ডাক্তারদের অবস্থান চলেছে।

৩) রাজ্যে সবুজ বাজির উৎপাদন ও বিক্রিতে গতি আনতে বাজি ব্যবসায়ীদের জন্য গুদাম তৈরির জমি দেবে রাজ্য সরকার।

৪) রোজভ্যালি চিটফান্ডের প্রতারিত আমানতকারিদের টাকা ফেরানোর কাজ শুরু করেছে কমিশন।

৫) আই এস এল ফুটবলে যুব ভারতীতে মোহনবাগান সুপার জায়েন্ট, মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হয়েছে। জামশেদপুর এফ সি-র কাছে পরাজিত হয়েছে ইস্টবেঙ্গল।

oooooooooooooooooooo

আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে তরুনী চিকিৎসকের ধর্ষন ও হত্যার ঘটনা নিয়ে যখন গোটা রাজ্য উত্তপ্ত তখন দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে মহিষমারিতে নিখোঁজ চতুর্থ শ্রেণীর এক পড়ুয়ার দেহ উদ্ধারকে কেন্দ্র করে তীব্র হয়েছে উত্তেজনা। বাড়ির অদূরে একটি জলাজমি থেকে ঐ নাবালিকার দেহ উদ্ধার হয়। পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগে আজ সকাল থেকে স্থানীয়রা বিক্ষোভ দেখাতে শুরু করেন। পুলিশ জনতা খন্ডযুদ্ধে রণক্ষেত্রের চেহারা নেয় গোটা এলাকা। জয়নগর থানায় উত্তেজিত জনতা ভাঙচুর ও অগ্নি সংযোগ করে। পুলিশকে লক্ষ্য করে চলে ইট বৃষ্টি। পরিস্থিতি সামাল দিতে পুলিশ লাঠিচার্জ করে। জনতাকে ছত্রভঙ্গ করতে ফাটানো হয় কাঁদানে গ্যাসের সেলও। কুলতলীর তৃণমূল কংগ্রেস বিধায়ক গণেশচন্দ্র মন্ডল আজ এলাকায় গেলে গ্রামবাসীদের বিক্ষোভের মুখে পড়েন। তৃণমূল কংগ্রেস সাংসদ প্রতিমা মন্ডল হাসপাতালে পৌঁছলে তাকে গো-ব্যাক শ্লোগান দেওয়া হয়। বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পালের সঙ্গে বচসাতেও জড়াতে দেখা যায় সাংসদকে।

এই ঘটনায় ধৃত মুস্তাকিন সর্দার জেরায় খুনের কথা স্বীকার করেছে বলে পুলিশ সুপার পলাশ চন্দ্র ঢালি জানিয়েছেন।

বাইট

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন

(ভয়েসকাস্ট – গৌতম)

একটু আগে কাঁটাপুকুর মর্গে শিশুটির দেহ নিয়ে আসা হলে নতুন করে উত্তেজনা ছড়িয়েছে। বিজেপি কর্মী সমর্থকরা সেখানে পৌঁছলে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি হয়। বাম কর্মী সমর্থকদের সঙ্গেও দফায় দফায় বচসা বাধে পুলিশের। বেশ কয়েকজনকে আটক করা হয়েছে বলে খবর।

oooooooooooooooo

বিজেপি রাজ্যে ৩৫৫ ধারা প্রয়োগ এবং রাজ্যকে অশান্ত এলাকা ঘোষণা করে জরুরি হস্তক্ষেপের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছে। পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এক্স হ্যান্ডেলে বিশৃঙ্খলা বন্ধ করতে এবং নিরাপত্তা ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য অবিলম্বে পদক্ষেপ নিতে শ্রী মাহাতো কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন। জয়নগরের

ঘটনার উল্লেখ করে তিনি বলেন, রাজ্যের প্রশাসন নিরীহ মানুষের জীবন রক্ষার পরিবর্তে অপরাধীদের বাঁচাতে বেশি আগ্রহী।

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কুলতলির ঘটনায় রাজ্য সরকারের তীব্র সমালোচনা করেছেন। মহিলা মুখ্যমন্ত্রী হয়েও মমতা ব্যানার্জী নারীদের সুরক্ষা দিতে ব্যর্থ বলে তিনি উল্লেখ করেন।

(বাইট – সুকান্ত)

আর জি করের ঘটনা থেকেও রাজ্য সরকার শিক্ষা নেয়নি বলে উল্লেখ করে পুলিশমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ আলিপুরদুয়ারের কালচিনি ব্লকের ভাটপাড়া চা-বাগানে এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, রাজ্যে মহিলা এবং শিশু কন্যারা সুরক্ষিত নয়। জুনিয়ার ডাক্তারদের দাবিও যুক্তি সংগত বলে তিনি মন্তব্য করেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দল আগামীকাল কুলতলি যাচ্ছেন বলে খবর।

আর জি কর কান্ডের পর পুলিশেকে আরও সজাগ থাকা উচিত ছিল বলে শুভঙ্করবাবু মন্তব্য করেন। দোষীদের দৃষ্ঠান্তমূলক শাস্তি এবং নির্যাতিতার পরিবারকে আর্থিক সাহায্য করারও দাবি জানান তিনি।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ এই ঘটনাকে রহস্যজনক আখ্যা দিয়ে দোষীদের চরম শাস্তির দাবি জানিয়েছেন।

এদিকে, কুলতলিতে চতুর্থ শ্রেণীর ছাত্রীকে যৌন নির্যাতন এবং খুনের প্রতিবাদে রাজ্যের আইনশৃঙ্খলার অবনতি হয়েছে দাবি তুলে বিজেপি কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আজ বিক্ষোভ দেখাচ্ছে। কলকাতার সেন্ট্রাল অ্যাভিনিউতে দুপুরে বিজেপি কর্মী সমর্থকেরা রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান।

আসানসোলের বার্নপুর রোডে দলের পক্ষ থেকে আজ মিছিল বের করা হয়। বিজেপি-র রাজ্য কমিটির সদস্য কৃষ্ণেন্দু মুখার্জী সহ নেতানেত্রীরা এতে যোগ দেন।

বীরভূমের সিউড়িতেও আজ পথ অবরোধ করেন বিজেপি কর্মীরা। ছিলেন রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়।

এদিকে, আগামীকাল কুলতলিতে থানা ঘেরাও কর্মসূচীর ডাক দেওয়া হয়েছে। দলের ভারপ্রাপ্ত কেন্দ্রীয় নেতা অমিত মালবিয়া এক্সহ্যান্ডেলের এক বার্তায় বলেছেন, দেবী পক্ষের আরাধনা চলাকালীন পশ্চিমবঙ্গে দেবীশক্তির ওপর লাগাতার আক্রমণ চলেছে। রাজ্যের মুখ্যমন্ত্রী, তথা স্বরাষ্ট্রমন্ত্রী মমতা ব্যানার্জী এর দায় এড়াতে পারেন না। বাংলার নারীদের নিরাপত্তায় অবিলম্বে মমতা ব্যানার্জী সরকারের অপসারণ জরুরী বলেও তিনি উল্লেখ করেন।

oooooooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার কুলতলীতে চতুর্থ শ্রেণীর ছাত্রীর নৃশংস মৃত্যুর ঘটনায় পুলিশি অবহেলার অভিযোগ তুলে SUCI কমিউনিস্ট তীব্র নিন্দা করেছে। দলের তরফে আজ এক বিবৃতিতে ওই ঘটনার নিন্দা করার পাশাপাশি যে পুলিশ কর্মীরা সময়মত কোনো ব্যবস্থা নেয়নি তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে।

oooooooooooooooooo

১০ দফা দাবি পুরনে জুনিয়ার ডাক্তারদের রাজ্য সরকারকে বেধে দেওয়া সময়সীমা প্রায় শেষের পথে। দাবি-দাওয়া পুরণ না হলে, আমরণ অনসনে বসার হুঁশিয়ারী দিয়েছেন তারা। স্বাস্থ্য সচিবের অপসারণ, চিকিৎসকদের নিরাপত্তা সুনিশ্চিতকরণ সহ একাধিক দাবিতে গতরাত থেকে ধর্মতলা ডোরিনা ক্রসিং-এ জুনিয়ার চিকিৎসকদের অবস্থান চলছে।

এদিকে, পুজোর সময় আইন-শৃঙ্খলার কথা মাথায় রেখে ধর্মতলা থেকে অবস্থান তুলে নেওয়ার জন্য জুনিয়ার চিকিৎসকদের ই-মেল করেছে লালবাজার।

ooooooooooooooooooooooo

পুরুলিয়ার কোটশিলা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে কর্তব্যরত চিকিৎসককে হেনস্থার অভিযোগ উঠেছে রোগীর আত্মীয়দের বিরুদ্ধে। একটি শিশুর চিকিৎসায় গাফিলতি ছিল বলে দাবি করে আজ ভোরে বেশ কয়েকজন ব্যক্তি কর্তব্যরত চিকিৎসক কালীসেন মুর্মূর ওপর

চড়াও হয়। যদিও সেখানে ওরকম কোন শিশু ভর্তি ছিল না বলে চিকিৎসকদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরামের দাবি। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সবুজ বাজির উৎপাদন ও বিক্রিতে গতি আনতে রাজ্য সরকার জেলায় জেলায় বাজি ক্লাস্টারের পাশাপাশি বাজি ব্যবসায়ীদের জন্য গুদাম তৈরির জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে আজ মুখ্যসচিব মনোজ পন্থের নেতৃত্বে এক উচ্চপর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিনের বৈঠকে বাজি ব্যবসায়ী সংগঠনের তরফে সরকারের কাছে বাজির গুদাম তৈরির জন্য জমি দেওয়ার আবেদন  জানানো হয়। তার পরিপ্রেক্ষিতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে।

সিদ্ধান্ত হয়েছে সরকার বাজি ব্যাবসায়ীদের বিনামূল্যে ওই জমি দেবে। তারা নিজেদের খরচে গুদাম ঘর তৈরি করে নেবে। কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং , পূর্ব মেদিনীপুরে এজন্য প্রাথমিকভাবে জমি চিহ্নিত করা হয়েছে। উৎসবের মরশুম ছাড়াও যারা সারা বছর বাজি উৎপাদন ও বিক্রি করেন মূলত তাদের কথা মাথায় রেখে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে খবর প্রশাসনিক সূত্রে। জেলায় জেলায় পরিবেশবান্ধব বাজি তৈরি ক্লাস্টার নির্মানের কাজও দ্রুত গতিতে এগিয়ে চলেছে। ইতিমধ্যেই রাজ্যসরকারের উদ্যোগে প্রশিক্ষণ নেওয়ার পর ন্যাশানাল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট- নিরি রাজ্যের ২৩২ জন বাজি উৎপাদককে পরিবেশ বান্ধব সবুজ বাজি তৈরির ছাড়পত্র দিয়েছে। দ্রুত আরও কিছু লাইসেন্স বিলি হবে। এদিনের বৈঠকে  দমকল, পরিবেশ, শ্রম দফতরের সচিব, রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিশনার এবং পুর কমিশনার উপস্থিত ছিলেন। ১২৫ ডেসিবেল শব্দ সীমার মধ্যে যাতে বাজি নির্মাতারা শব্দবাজি উৎপাদন ও বিক্রি করতে পারেন সে ব্যাপারে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে বৈঠক থেকে।

০০০০০০০০০০০০০০০০০

রোজভ্যালি চিটফান্ডের প্রতারিত আমানতকারীদের টাকা ফেরানোর কাজ শুরু হয়েছে। প্রাক্তন বিচারপতি দিলীপ শেঠের এক সদস্যের কমিশন গতকাল মোট ৭ হাজার ৩৪৬ জন গ্রাহককে প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা ফিরিয়েছে বলে জানা গেছে। ২০০০ টাকা থেকে ১০ হাজার পর্যন্ত যাঁদের বিনিয়োগ রয়েছে তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি এই টাকা পাঠানো

হয়েছে। এদিন সর্বোচ্চ আমানত ফেরানো হয়েছে ১০ হাজার ২০০ টাকা। প্রসঙ্গত, আমানতকারীদের টাকা ফেরাতে হবে হাইকোর্টের এই নির্দেশের পর তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) রোজভ্যালি গ্রুপের ১৪টি ফিক্সড ডিপোজিট থেকে পাওয়া মোট ১৯ কোটি ৪০ লক্ষ টাকা অ্যাসেট ডিসপোজাল কমিটির (এডিসি) কাছে পাঠিয়েছিল। সেই টাকা থেকেই আমানতকারীদের টাকা ফেরানোর কাজ শুরু হয়েছে। একদিকে যেমন আমানতকারীদের টাকা ফেরানোর কাজ শুরু হয়েছে, তেমনই প্রতারিতদের কাছ থেকে টাকা ফেরত চেয়ে আবেদনও গ্রহণ করার কাজ চলছে বলে এডিসি'র সদস্য আইনজীবী শুভাশিস চক্রবর্তী জানিয়েছেন।

oooooooooooooooooooo

পুজোর মরসুমে সংশোধনাগারের আবাসিকদের জন্য বিশেষ ব্যবস্থা করেছে রাজ্য সরকার। নিয়মিত খাবারের বদলে পুজোর পাঁচদিন তাঁদের জন্য বিশেষ মেনুর আয়োজন করা হয়েছে। সাজাপ্রাপ্ত এবং বিচারাধীন বন্দিদের এই খাবার দেওয়া হবে। কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহা জানিয়েছেন, প্রতিবছরই পুজোর সময় সংশোধনাগারের আবাসিকদের বিশেষ খাবার দেওয়া হয়। এবারও সেই ব্যবস্থা করা হচ্ছে। ষষ্ঠী থেকে দশমী একেকদিন একেক রকম পদ থাকছে। খাদ্যতালিকায় রাখা হয়েছে, নানা রকম আমিষ ও নিরামিষ খাবার। বর্তমানে রাজ্যের ৫৯টি সংশোধনাগারে ২৬,৯৯৪ জন পুরুষ এবং ১৭৭৮ জন মহিলা আবাসিক রয়েছেন।

oooooooooooooooooooo

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় হাল্কা থেকে মাঝারি বর্ষণ চলেছে। পূর্ব মেদিনীপুর, হাওড়া, কলকাতা, দুই ২৪ পরগনায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পাশাপাশি উত্তরবঙ্গের জেলাগুলিতেও বিক্ষিপ্ত বর্ষণের পূর্বাভাষ রয়েছে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন –

(বাইট – সোমনাথ)

ooooooooooooooooooo

আই এস এল ফুটবলে যুব ভারতীতে মোহনবাগান সুপার জায়ান্ট মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হয়েছে। আই এস এল-এ এই প্রথম দুই দল পরস্পরের বিরুদ্ধে খেলছে। সন্ধে সাড়ে সাতটায় খেলা শুরু হয়েছে। দুটি দলই তিন ম্যাচ খেলে চার পয়েন্ট সংগ্রহ করেছে। তবে, গোল পার্থক্যে এগিয়ে থাকায় মহামেডান লিগ তালিকায় অষ্টম, এবং মোহনবাগান দশম স্থানে রয়েছে।

এদিকে, আজ জামশেদপুরে ইস্টবেঙ্গল –২-০ গোলে জামশেদপুর এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo